



জেনে রাখুন

শিক্ষা সঞ্চয়

বিদ্যা অর্জনের জন্য মানুষ আজ পৃথিবীর এক প্রান্ত থেকে অপর প্রান্তে ছুটে চলেছে। কিন্তু বিদ্যা অর্জনের দিক থেকে আমরা এখনো তুলনামূলক অনেক পিছিয়ে রয়েছি। অর্থনৈতিক অনিশ্চয়তা এবং অন্যান্য কারণে এ দেশের মধ্যবিত্ত ঘরের মেধাবী ছাত্ররা শুধুমাত্র অর্থের অভাবে উচ্চ শিক্ষা লাভে বঞ্চিত হয়। কেননা প্রায় ক্ষেত্রে দেখা যায় যে, সন্তানের যখন উচ্চ শিক্ষা লাভের সময় হয় তখন পিতার চাকরি থেকে অবসরের সময় হয় কিংবা বার্ষিক্যজনিত কারণে পিতা ব্যবসা-বাণিজ্যে অসমর্থ হয়ে পড়েন। তাই আপনার সন্তানকে উচ্চ শিক্ষায় শিক্ষিত করার মানসে আল-বারাকা ব্যাংক 'উচ্চ শিক্ষা সঞ্চয় প্রকল্প' চালু করেছে। আপনি মাত্র ২০০ বা তদুর্ধ্ব টাকা মাসিক কিস্তির ভিত্তিতে জমা করে আল-বারাকা ব্যাংকের যেকোনো শাখায় ১৫ বছর মেয়াদি 'উচ্চ শিক্ষা সঞ্চয় প্রকল্প' গ্রহণ করতে পারেন। ছেলে বা মেয়ে জনের সঙ্গে সঙ্গে আপনি এ সঞ্চয় প্রকল্প গ্রহণ করতে

পারেন। এ প্রকল্পে আপনি মাসিক ২০০ টাকা জমা করলে ১৫ বছর মেয়াদান্তে আপনার জমাকৃত ৩৬ হাজার টাকার বিপরীতে আনুমানিক ৪৫ হাজার টাকা মুনাফাসহ আপনি প্রায় ৮১ হাজার টাকা পেতে পারেন। এই প্রকল্পের বিশেষ সুবিধা হচ্ছে আপনি ইচ্ছা করলে মাসিক কিস্তির টাকা যেকোনো সময় বৃদ্ধি করতে পারবেন এবং বাড়তি টাকার উপর সম্ভারে মুনাফাও পারবেন। ব্যাংকের নিয়ম অনুযায়ী প্রতি মাসের ১০ তারিখের মধ্যে কিস্তির টাকা জমা দিতে হবে। তবে ইচ্ছা করলে আপনি কিস্তির টাকা অগ্রীম কয়েক মাসের একসঙ্গে জমা করতে পারবেন। যদি কেউ এ সঞ্চয় হিসাব থেকে ৫ বছরের পূর্বে টাকা উত্তোলন করেন তাহলে তাকে ব্যাংকের টার্ম ডিপোজিটের সঞ্চয় হারে মুনাফা প্রদান করা হবে। কেউ মারা গেলে তার প্রতিনিধিকে সঞ্চয়কৃত টাকা ফেরৎ দেওয়া হবে।
□ মোঃ আওরঙ্গজেব তোয়ার